



তিতাস গ্যাস ট্রান্সমিসন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড
তিতাস গ্যাস ভবন, ১০৫- কাজী নজরুল ইসলাম এভিনিউ,
কাওরান বাজার বা/এ, ঢাকা- ১২১৫।
www.titasgas.gov.bd



নম্বর: ২৮.১৩.০০০০.১১৩.৯৯.০২৯.২১.৩৪৫

৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ২০ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

দপ্তরাদেশ নং-১৫/২০২৪

কোম্পানির গ্যাস ট্রান্সমিসন ও বিতরণ সংশ্লিষ্ট মালামালের সুষ্ঠু ব্যবস্থাপনা ও সর্বোত্তম ব্যবহার নিশ্চিত কল্পে এবং অপব্যবহার রোধকল্পে নিম্ন বর্ণিত নির্দেশনা অনুসরণ করতে হবেঃ

১। মালামাল হস্তান্তরের ক্ষেত্রে/লক্ষ্যে কেবলমাত্র ম্যাটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং এন্ড কন্ট্রোল ডিপার্টমেন্ট (MECD) কর্তৃক Materials Transfer Order (MTO) ইস্যু করা হবে এবং ইস্যুকৃত MTO এর মেয়াদ MTO ইস্যুর ৬০ (ষাট) পঞ্জিকা দিবস পর্যন্ত বলবৎ থাকবে;

২। MECD কর্তৃক ইস্যুকৃত MTO এর বিপরীতে প্রযোজ্য ক্ষেত্রে মূল্য পরিশোধের ভিত্তিতে Materials Issue Voucher (MIV) এর মাধ্যমে ভান্ডার হতে মালামাল উত্তোলন করতে হবে;

৩। একটি MTO এর বিপরীতে কেবলমাত্র একটি MIV প্রস্তুত করে মালামাল উত্তোলন করতে হবে;

৪। ভান্ডার বিভাগ কর্তৃক মালামাল সরবরাহ করার ক্ষেত্রে First In First Out (FIFO) পদ্ধতি অবলম্বন করতে হবে;

৫। ভান্ডার হতে মালামাল সরবরাহের সময় গেটপাসে মালামালের পূর্ণাঙ্গ বিবরণ উল্লেখ করতে হবে;

৬। বিশেষ/জরুরী প্রয়োজনে MECD-এর সুপারিশক্রমে এবং ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে নির্দিষ্ট পরিমাণ মালামাল ভান্ডার বিভাগে সংরক্ষিত রাখা যাবে;

৭। বিশেষ/জরুরী প্রয়োজনে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে এক গ্রাহক/বিভাগ/শাখার জন্য ইস্যুকৃত মালামাল অন্য গ্রাহক/বিভাগ/শাখার জন্য ব্যবহার করা যাবে। তবে এক্ষেত্রে MECD-কে অবহিত করতে হবে এবং প্রযোজ্য ক্ষেত্রে যথানিয়মে মালামালের মূল্য পরিশোধ করতে হবে;

৮। স্থানীয় ও বিভাগীয়সহ সকল ভান্ডারে গ্যাস সঞ্চালন ও বিতরণ সংশ্লিষ্ট সকল মালামালের মজুদাবস্থার প্রতিবেদন মাসিক ভিত্তিতে ম্যাটেরিয়ালস ইঞ্জিনিয়ারিং এন্ড কন্ট্রোল বিভাগে (MECD) প্রেরণ করতে হবে;

৯। কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

Zohar

২০-০৩-২০২৪

সারওয়াত জাহান

উপমহাব্যবস্থাপক

৫৫০১২৭০৯

titasgas.adm@gmail.com

নম্বর: ২৮.১৩.০০০০.১১৩.৯৯.০২৯.২১.৩৪৫/১ (৯)

তারিখ: ৬ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ
২০ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় প্রয়োজ্য ক্ষেত্রে ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাব্যবস্থাপক (সকল);
- ২। উপমহাব্যবস্থাপক (সাধারণ) সকল;
- ৩। উপমহাব্যবস্থাপক (কারিগরি) সকল;
- ৪। উপমহাব্যবস্থাপক (হিসাব) সকল;
- ৫। ব্যবস্থাপক (কারিগরি)- সকল;
- ৬। ব্যবস্থাপক (সাধারণ)- সকল;
- ৭। ব্যবস্থাপক (হিসাব)- সকল;
- ৮। ব্যবস্থাপক (সমন্বয়), ব্যবস্থাপনা পরিচালকের দপ্তর, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড এবং
- ৯। সহকারী ব্যবস্থাপক, সাধারণ প্রশাসন শাখা, তিতাস গ্যাস ট্রান্সমিসন এ্যান্ড ডিস্ট্রিবিউশন কোম্পানী লিমিটেড।



Zohar

২০-০৩-২০২৪

সারওয়াত জাহান

উপমহাব্যবস্থাপক